

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**
Date: 28-10-2024
Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

CM Investment :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, রাজ্যে উন্নত আইন শৃঙ্খলা পরিস্থিতির জন্যই ব্যাপক হারে বিনিয়োগ হচ্ছে। ছত্তিশগড়ের সাংবাদিকদের সাথে কথা বলার পর মুখ্যমন্ত্রী আগরতলা দূরদর্শনকে দেওয়া এক সাক্ষাৎকারে জানিয়েছেন রাজ্যে দুইশোরও বেশি বিনিয়োগকারী বিনিয়োগ করেছেন। ২৫০ কোটিরও বেশি টাকা বিভিন্ন খাতে বিনিয়োগ করা হয়েছে। এই অর্থ রাজ্যের উন্নয়নে ব্যাপক ভাবে সাহায্য করবে। মুখ্যমন্ত্রী আরও জানান, রাজ্য সরকার মুম্বাই সহ দেশের অন্যান্য শহরের বিনিয়োগকারীদের আকর্ষণ করার জন্য “ইনভেস্ট্রাস রোড শো-র” আয়োজন করবে।

CM-World Bank :

রাজ্য সরকার ত্রিপুরা গ্রামীন অর্থনৈতিক গোষ্ঠী এবং পরিষেবা প্রদান প্রকল্প TRESP-এর জন্য বিশ্ব ব্যাঙ্ক থেকে ১৪০০ কোটি টাকা খণ্ড নিয়েছে। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা গতকাল আগরতলা দূরদর্শনকে দেওয়া এক সাক্ষাৎকারে জানান, এই অর্থ উপজাতি অধ্যুষিত এলাকায় শিক্ষা, সড়ক, যোগাযোগ এবং জীবন-জীবিকার উন্নয়নে ব্যয় করা হবে।

Maan Ki Baat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ডিজিটাল গ্রেন্টারী সংক্রান্ত প্রতারণার ব্যাপারে উদ্বেগ প্রকাশ করেছেন। গতকাল আকাশবাণীর মন কি

বাতের ১১৫তম পর্বের প্রধানমন্ত্রী দেশবাসী সাথে মতবিনিময় করতে গিয়ে বলে সমস্ত তদন্তকারী সংস্থাগুলি রাজ্য সরকারের সাথে এই ধরনের প্রতারণার রোধে একযোগে কাজ করছে। ওয়ার্ল্ড এনিমেশন ডে প্রসঙ্গে প্রধানমন্ত্রী বলেন এনিমেশন এর জগতে ভারত নতুন বিপ্লবের দিকে অগ্রসর হচ্ছে। প্রধানমন্ত্রী আত্মনির্ভর ভারত অভিযানের সাফল্যের সন্তোষ প্রকাশ করে বলেন এই কর্মসূচি দেশের সামগ্রিক সচেতনতার ফলেই সফল হয়েছে। গতকালের মন কি বাতে প্রধানমন্ত্রী দেশের দুই মহান জননেতা সর্দার বল্লভ ভাই প্যাটেল এবং ভগবান বিরসা মুন্ডার সাহস এবং দূরদর্শিতার কথা উল্লেখ করেন। প্রধানমন্ত্রী মন কি বাতের শ্রেতাদের আসন্ন ধনতেরাস, দীপাবলি, ছট পূজা এবং গুরু নানক জয়ন্তী উপলক্ষে শুভেচ্ছা জানিয়েছেন।

Jagdeep Dhankar :

উপরাষ্ট্রপতি জগদীপ ধনখড় গতকাল গুয়াহাটিতে কৃষ্ণগুরু আন্তর্জাতিক আধ্যাত্মিক যুব সমাজের ২১তম আন্তর্জাতিক কনক্লেভে প্রধান অতিথি হিসেবে ভাষণ দেন। তিনি বলেন, ভারত এখন বিপুল সন্তানাময় দেশ। কেন্দ্রীয় সরকারের যুব কেন্দ্রিক নীতি তরুণদের জন্য বিশেষ সুযোগ তৈরি করেছে। খুব শীঘ্ৰই জাপান, জার্মানি এবং অন্যান্য বেশ কয়েকটি উন্নত দেশকে পিছনে ফেলে ভারত তৃতীয় বৃহত্তম অর্থনীতি হয়ে উঠবে বলে দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন তিনি।

Infantry Day PM :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী পদাতিক বাহিনী দিবস উপলক্ষে পদাতিক বাহিনীর সমস্ত পদ মর্যাদার কর্মী এবং প্রবীণদের অদম্য চেতনা ও সাহসের প্রশংসা করেছেন। গতকাল এক্স পোস্টে প্রধানমন্ত্রী লিখেছেন: "পদাতিক বাহিনী দিবসে যাঁরা আমাদের নিরলসভাবে

রক্ষা করে চলেছেন, পদাতিক বাহিনীর সেই সব সমস্ত স্তরের কর্মী ও প্রবীণদের অদম্য চেতনা ও সাহসকে আমরা সকলে কুর্নিশ জানাই। যে কোনও প্রতিকূলতার মুখে তাঁরা সর্বদাই আমাদের পাশে দাঁড়ান এবং আমাদের দেশের সুরক্ষা ও নিরাপত্তাকে সুনিশ্চিত করেন। পদাতিক বাহিনীর শক্তি, শৌর্য এবং কর্তব্যপরায়ণতা প্রতিটি ভারতবাসীকে প্রেরণা জোগায়।"

Indian Railway :

ভারতীয় রেলওয়ে মহিলা ও শিশু কল্যাণ মন্ত্রকের সহযোগিতায় অসহায় শিশুদের সুরক্ষার জন্য একটি সংশোধিত স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিওর SOP চালু করেছে। এই SOP-তে শিশুদের সুরক্ষার জন্য একটা জোরদার নিরাপত্তা কাঠামোর রূপরেখার বর্ণনা করা হয়েছে। পরিবার থেকে বিচ্ছিন্ন এবং ঝুঁকির সম্মুখীন এমন শিশুদের শোষণ ও বঞ্চনার এবং পাচার রুখতে ভারতীয় রেলের এই উদ্যোগ। এতে সারা দেশে ২৬২-টি রেল স্টেশনে মানব পাচার বিরোধী ইউনিট গড়ে তোলা হবে। যেসব মহিলা ট্রেনে একা সফর করেন, তাদের সুরক্ষার জন্য রেলওয়ে মেরি সহেলী নামে একটি অভিযানও চালাচ্ছে। রেল সুরক্ষা বাহিনী আর পি এফ, রেল চত্বরে মানুষ পাচার রুখতে সক্রিয় ভূমিকা গ্রহণ করেছে।

Brijesh Pandey-Press meet :

জনজাতি কল্যাণ দপ্তরের সচিব ব্রিজেশ পাণ্ডে গতকাল আগরতলা প্রেস ক্লাবে সাংবাদিক সম্মেলনে জানিয়েছেন, ২০২৩-২৪ অর্থ বছরে এখনও পর্যন্ত ৩০ হাজার ৬০২ জন ছাত্রছাত্রীকে পোস্ট ম্যাট্রিক স্কলারশিপ এনএসপি পোর্টালের মাধ্যমে দেওয়া হয়েছে। আরও ২৫১০ জন ছাত্রছাত্রীকে স্কলারশিপের টাকা দেওয়া বাকি রয়েছে। শ্রী পাণ্ডে জানান, যদের টাকা দেওয়া হয়নি তাদের ব্যক্ত অ্যাকাউন্টের সঙ্গে আধারকার্ড লিঙ্ক নেই। এই বিষয়ে তাদের অবহিত করার পর ১ হাজার ৪৬৮ জন ছাত্রছাত্রী ব্যক্ত অ্যাকাউন্টের সঙ্গে আধার লিংক করিয়েছেন। তাদের টাকা আগামী এক সপ্তাহের মধ্যে পোর্টালের মাধ্যমে তুকে যাবে। রাজ্যের বাইরে পাঠরত ২২১২ জন ছাত্রছাত্রীর আবেদন আবারও যাচাই করা হচ্ছে। এছাড়া ২২১টি আবেদনের সঙ্গে ভুয়ো ইনকাম সার্টিফিকেট দেওয়া হয়েছে বলে জানান তিনি।

CPIM Conference :

সাব্রূম চালিতাছড়িতে গতকাল সিপিআইএম দলের পঞ্চম হরিণা অঞ্চল সম্মেলন অনুষ্ঠিত হয়। সম্মেলনে উপস্থিত ছিলেন রাজ্য সম্পাদক জিতেন্দ্র চৌধুরী, দলের সাব্রূম মহকুমা কমিটির সম্পাদক অরুণ ত্রিপুরা, প্রাক্তন বিধায়ক প্রভাত চৌধুরী প্রমুখ। সিপিআইএম রাজ্য সম্পাদক জিতেন্দ্র চৌধুরী দলের সংগঠনকে শক্তিশালী করার লক্ষ্য দলের সদস্যদের গুণগত মান বাড়ানোর উপর জোর দেন। তিনি দাবী করেন, বর্তমান রাজ্য সরকার রাজ্যবাসীকে যে সকল প্রতিশ্রুতি দিয়েছিল তা পূরণ করা হয়নি। তাছাড়া বিভিন্ন সামাজিক ভাতা থেকে মানুষকে বঞ্চিত করে রাখা হয়েছে বলে অভিযোগ করেন তিনি।

Preparation of Drama Festival :

মুহূরী নাট্য সংস্থার উদ্যোগে আজ থেকে বাইথোড়া কমিউনিটি হলে শুরু হচ্ছে তিন দিনের দ্বিতীয় মুহূরী নাটোৎসব। প্রথম দিনে মঞ্চস্থ হবে প্রাণজিব সরকারের নির্দেশনায় আয়োজক মুহূরী নাট্য সংস্থার নাটক “ইউ মে প্রসিড” (U may proceed)। আগামীকাল বিদ্যুৎজিঃ চক্রবর্তীর নির্দেশনায় মঞ্চস্থ হবে আগরতলার কলাভূমির নাটক- “সৃজন হবে কবে” এবং উত্তম দাসের নির্দেশনায় আগরতলার রাঙ্গামাটি নাট্যক্ষেত্রের নাটক- “শঠে শঠাং”। তৃতীয় দিনে মঞ্চস্থ হবে সুব্রত চক্রবর্তীর নির্দেশনায় মেলাঘরের “চল নাটক করি” নাট্যদলের নাটক “কুণ্ড রাশের খেলা”। নাটোৎসবকে সফল করতে বাইথোড়ায় জোর প্রস্তুতি চলছে বলেও জানান মুহূরী নাট্য সংস্থার সম্পাদক অভীক কুমার দে।

Diwali with My Bharat :

ভারত সরকারের ক্রীড়া ও যুব বিষয়ক মন্ত্রনালয়, নেহেরু যুব কেন্দ্র পশ্চিম ত্রিপুরা জেলা ও প্রত্যয় সামাজিক সংস্থার যৌথ উদ্যোগে গতকাল রাজধানীর ঘোগেন্দ্রনগর রেল স্টেশন প্রাঙ্গণে স্বচ্ছ ভারত অভিযানের আয়োজন করা হয়। পাশাপাশি দিওয়ালি উইথ মাই ভারত (Diwali with My Bharat) কর্মসূচিতে আসন্ন আলোর উৎসবে পরিবেশ সুন্দর স্বচ্ছ নির্মল রাখা এবং শব্দবাজী না পোড়ানোর আহ্বান জানানো হয়।

Weather :

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা কুয়াশা পড়েছে। দিনের তাপমাত্রা সর্বোচ্চ ৩৩ ডিগ্রি এবং সর্বনিম্ন ২৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৪.৬ ডিগ্রি সেলসিয়াস।
